রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, অক্টোবর ২৬, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০১ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/১৭ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং-২৮৭-আইন/২০২৩।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন, 'সিনেমা হল' শিল্প সেক্টর, অতঃপর উক্ত শিল্প সেক্টর বলিয়া উল্লিখিত, এর শ্রমিকগণের জন্য এই মন্ত্রণালয়ের ৬ ভাদ্র, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ২১ আগস্ট, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-২৮১-আইন/২০১৩ রহিত করিয়া "নিম্নতম মজুরী বোর্ড" কর্তৃক সুপারিশকৃত নিম্ন তফসিলের "ক", "খ", "গ", "ঘ", "ঙ", "চ", ও "ছ" পরিচ্ছেদে বর্ণিত নিম্নতম মজুরীর হারকে প্রজ্ঞাপনের শেষাংশে উল্লিখিত শর্তসাপেক্ষে, উক্ত শিল্প সেক্টরের শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরির হার হিসাবে এতদ্বারা ঘোষণা করিল, যথা:—


**মূল্য :** টাকা ২০.০০

## তফসিল

## পরিচ্ছেদ “ক”

## এ- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরির হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ১১৬৪০/- | ৪৬৫৬/- | ৮০০/- | ৪০০/- | ১৭৪৯৬/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ১০৩৫০/- | ৪১৪০/- | ৮০০/- | ৪০০/- | ১৫৬৯০/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৮৭৯৫/- | ৩৫১৮/- | ৮০০/- | ৪০০/- | ১৩৫১৩/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিশ)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিশ)<br>৭। সুইপার | ৭৭৬০/- | ৩১০৪/- | ৮০০/- | ৪০০/- | ১২০৬৪/- |
| ৫। | **শিক্ষানবিশ:** | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৯০০০/-(নয় হাজার ) টাকা প্রাপ্ত হইবেন;<br>(খ) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :<br>তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়; এবং<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## পরিচ্ছেদ "খ"

## বি- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরির হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ১০৩৫০/- | ৪১৪০/- | ৮০০/- | ৪০০/- | ১৫৬৯০/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৮৭৯৫/- | ৩৫১৮/- | ৮০০/- | ৪০০/- | ১৩৫১৩/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৭৭৬০/- | ৩১০৪/- | ৮০০/- | ৪০০/- | ১২০৬৪/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিশ)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিশ)<br>৭। সুইপার | ৬৭২৫/- | ২৬৯০/- | ৮০০/- | ৪০০/- | ১০৬১৫/- |
| ৫। | **শিক্ষানবিশ:** | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৮০০০/-(আট হাজার) টাকা প্রাপ্ত হইবেন;<br>(খ) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :<br>তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়; এবং<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## পরিচ্ছেদ "গ"

## সি- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরির হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **<u>উচ্চতর দক্ষ:</u>**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ৯৩১৫/- | ৩৭২৬/- | ৮০০/- | ৪০০/- | ১৪২৪১/- |
| ২। | **<u>দক্ষ:</u>**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৭৭৬০/- | ৩১০৪ /- | ৮০০/- | ৪০০/- | ১২০৬৪/- |
| ৩। | **<u>আধা-দক্ষ:</u>**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৭২৪৫/- | ২৮৯৮/- | ৮০০/- | ৪০০/- | ১১৩৪৩/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিশ)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিশ)<br>৭। সুইপার | ৬৪৬৫/- | ২৫৮৬/- | ৮০০/- | ৪০০/- | ১০২৫১/- |
| ৫। | **শিক্ষানবিশ:** | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭৬০০/-(সাত হাজার ছয়শত) টাকা প্রাপ্ত হইবেন;<br>(খ) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :<br>তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়; এবং<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## পরিচ্ছেদ “ঘ”

### ডি- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরির হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ৮২৫৫/- | ৩৩০২/- | ৮০০/- | ৪০০/- | ১২৭৫৭/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৭০০০/- | ২৮০০/- | ৮০০/- | ৪০০/- | ১১০০০/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৬৫০০/- | ২৬০০/- | ৮০০/- | ৪০০/- | ১০৩০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিশ)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিশ)<br>৭। সুইপার | ৫৭৫৫/- | ২৩০২/- | ৮০০/- | ৪০০/- | ৯২৫৭/- |
| ৫। | **শিক্ষানবিশ:** | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭০০০/-(সাত হাজার) টাকা প্রাপ্ত হইবেন;<br>(খ) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :<br>তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়; এবং<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## পরিচ্ছেদ "ঙ"

## ই- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরির হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতরদক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ৮০০০/- | ৩২০০/- | ৮০০/- | ৪০০/- | ১২৪০০/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৬৫০০/- | ২৬০০/- | ৮০০/- | ৪০০/- | ১০৩০০/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৫৭৫৫/- | ২৩০২/- | ৮০০/- | ৪০০/- | ৯২৫৭/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিশ)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিশ)<br>৭। সুইপার | ৫৫০০/- | ২২০০/- | ৮০০/- | ৪০০/- | ৮৯০০/- |
| ৫। | **শিক্ষানবিশ:** | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিস শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৬৭০০/-(ছয় হাজার সাতশত ) টাকা প্রাপ্ত হইবেন;<br>(খ) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস :<br>তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়; এবং<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## পরিচ্ছেদ “চ”

## এফ- শ্রেণির সিনেমা হলে কর্মরত শ্রমিকগণের নিম্নতম মজুরির হার

| ক্রমিক নম্বর | শ্রমিক পদবিন্যাস ও শ্রেণি বিভাগ | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (টাকা) (মূল মজুরির ৪০%) | চিকিৎসা ভাতা (টাকা) | যাতায়াত ভাতা (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | **উচ্চতর দক্ষ:**<br>১। চীফ বা হেড অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। চীফ এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত) | ৭৫০০/- | ৩০০০/- | ৮০০/- | ৪০০/- | ১১৭০০/- |
| ২। | **দক্ষ:**<br>১। অপারেটর (লাইসেন্সপ্রাপ্ত)<br>২। ইলেকট্রিশিয়ান (লাইসেন্সপ্রাপ্ত)<br>৩। জেনারেটর মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৪। এয়ারকন্ডিশন মিস্ত্রি (লাইসেন্সপ্রাপ্ত)<br>৫। সুপারভাইজার<br>৬। বুকিং ক্লার্ক<br>৭। টাইপিস্ট<br>৮। সহকারী একাউনটেন্ট বা ক্যাশিয়ার<br>৯। হেড গেট কিপার<br>১০। ড্রাইভার<br>১১। কার্পেন্টার<br>১২। সেনিটারী মিস্ত্রি/প্লাম্বার | ৬২৫৫/- | ২৫০২/- | ৮০০/- | ৪০০/- | ৯৯৫৭/- |
| ৩। | **আধা-দক্ষ:**<br>১। গেট কিপার<br>২। স্ট্যাম্প পেস্টার<br>৩। সহকারী ইলেকট্রিশিয়ান<br>৪। সহকারী ক্যাশিয়ার<br>৫। পাবলিসিটিম্যান | ৫৫০০/- | ২২০০/- | ৮০০/- | ৪০০/- | ৮৯০০/- |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ৪। | **অদক্ষ:**<br>১। দারোয়ান<br>২। পিয়ন<br>৩। আয়া<br>৪। বার্তাবাহক<br>৫। অপারেটর (শিক্ষানবিশ)<br>৬। ইলেকট্রিশিয়ান হেলপার (শিক্ষানবিশ)<br>৭। সুইপার | ৫০০০/- | ২০০০/- | ৮০০/- | ৪০০/- | ৮২০০/- |
| ৫। | **শিক্ষানবিশ:** | (ক) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৬২০০/-(ছয় হাজার দুইশত) টাকা প্রাপ্ত হইবেন;<br>(খ) শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস:<br>তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরও ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়; এবং<br>(গ) শিক্ষানবিশিকাল সন্তোষজনকভাবে সমাপ্ত হইলে তিনি সংশ্লিষ্ট শ্রেণিতে স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন। | | | | |

## পরিচ্ছেদ "ছ"

## বিশেষ ভাতা

| ক্রমিক নম্বর | সুবিধাদির নাম | বিবরণ |
|---|---|---|
| ১। | বিশেষ ভাতা | শীতাতপ নিয়ন্ত্রিত সিনেমা হলের সকল শ্রেণির শ্রমিকগণ শ্রেণিবিন্যাস অনুযায়ী নিম্নতম মূল মজুরির শতকরা ২০ (বিশ) ভাগ হারে বিশেষ ভাতা পাইবেন। |
| ২। | বাড়ী ভাড়া ভাতা | ঢাকা শহরে অবস্থিত সিনেমা হলের সকল শ্রেণির শ্রমিকগণ তপশিলে উল্লিখিত বাড়ী ভাড়ার সহিত অতিরিক্ত শতকরা ১৫ (পনেরো) ভাগ হারে বাড়ী ভাড়া ভাতা পাইবেন। |
| | | চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, রংপুর এবং বরিশাল শহরে অবস্থিত সিনেমা হলে কর্মরত স্থায়ী শ্রমিকগণ তপশিলে উল্লিখিত বাড়ী ভাড়ার সহিত অতিরিক্ত শতকরা ০৫ (পাঁচ) ভাগ হারে বাড়ী ভাড়া ভাতা পাইবেন। |
| ৩। | টিফিন ভাতা | যদি কোনো স্থায়ী শ্রমিক ০৮ (আট) ঘন্টার অতিরিক্ত কাজ করেন, তাহা হইলে তিনি প্রচলিত শ্রম আইন অনুযায়ী ওভার টাইম এবং অন্যান্য ভাতা (যদি থাকে) পাইবেন। এই ক্ষেত্রে যে সকল স্থায়ী শ্রমিক কাজ করিবেন সে সকল শ্রমিক প্রতি দিনের জন্য ৩০.০০ (ত্রিশ) টাকা হারে টিফিন ভাতা পাইবেন। |

**শর্তাবলি :**

(১) সকল "সিনেমা হল" কে বাৎসরিক নেটসেল-এর ভিত্তিতে নিম্নবর্ণিতভাবে শ্রেণি বিভাগ করিতে হইবে, যথা:—

| সিনেমা হলের শ্রেণি বিভাগ | বাৎসরিক নেটসেল (টাকা) |
|---|---|
| এ-শ্রেণির সিনেমা হল | ২২ লক্ষ টাকার উপরে |
| বি-শ্রেণির সিনেমা হল | ১৮ লক্ষ হইতে ২২ লক্ষ টাকা |
| সি-শ্রেণির সিনেমা হল | ১৫ লক্ষ হইতে ১৮ লক্ষ টাকা |
| ডি-শ্রেণির সিনেমা হল | ১২ লক্ষ হইতে ১৫ লক্ষ টাকা |
| ই-শ্রেণির সিনেমা হল | ৯ লক্ষ হইতে ১২ লক্ষ টাকা |
| এফ-শ্রেণির সিনেমা হল | ৮ লক্ষ হইতে ৯ লক্ষ টাকা |

২। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "সিনেমা হল" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

৩। তফসিলে উল্লিখিত পদের অতিরিক্ত কোনো পদ সংশ্লিষ্ট শিল্পে পূর্ব হইতে বিদ্যমান অথবা পরবর্তীতে সংযোজিত হইলে উহা যথাযথ শ্রেণিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

৪। উক্ত শিল্প সেক্টরের তপশিলে উল্লিখিত শ্রমিক বর্তমানে যে শ্রেণিতে কর্মরত আছেন সেই শ্রেণিতেই তাহাকে স্থলাভিষিক্ত করিয়া এই মজুরি কাঠামোর সহিত সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে; কোনো শ্রমিককে নিম্ন শ্রেণিভুক্ত করা যাইবে না।

৫। এই প্রজ্ঞাপন জারির পর হইতে উক্ত শিল্প সেক্টরের মালিকগণ তফসিলে উল্লিখিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরি রেজিস্স্টারভুক্তকরত মজুরি স্লিপ প্রদান করিবেন।

৬। তফসিলের পরিচ্ছেদসমূহে ঘোষিত মজুরি মাসিক নিম্নতম মজুরি হিসাবে গণ্য হইবে এবং নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরী প্রদান করা যাইবে না; তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না।

৭। নিয়োগকর্তা বা মালিকপক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন।

৮। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরি প্রাপ্ত হইয়া থাকিলে উক্ত শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২ এর দফা (৬৫) অনুযায়ী ''শ্রমিক'' বলিয়া গণ্য হইবেন। উক্ত শিল্প সেক্টরে কোনো শ্রমিকের ঠিকাদারের নিকট প্রাপ্য পাওনাদির ক্ষেত্রে সমস্যা সৃষ্টি হইলে তাহার দায়-দায়িত্ব মালিকপক্ষের উপর বর্তাইবে। ঠিকাদার নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক শ্রমিকের জন্য ঘোষিত নিম্নতম মজুরি অপেক্ষা কোনোক্রমেই কম মজুরি প্রদান করিতে পারিবেন না।

৯। শর্ত (৮) এ উল্লিখিত নিয়োগকারী ঠিকাদার বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক মালিকের ন্যায় একইরূপ ব্যবস্থা গ্রহণ করিবেন।

১০। উক্ত শিল্প সেক্টরের মালিক যদি শ্রমিককে ফুরন ভিত্তিক (Piece rate) মজুরি প্রদান করিয়া থাকেন, তবে তফসিলে উল্লিখিত হারে ও উপরি-উক্ত শর্তাধীনে মজুরির হার এইরূপে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণিভুক্ত শ্রমিকের জন্য নির্ধারিত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রাপ্ত না হন।

১১। তফসিলে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিক কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল অধিকার, সুযোগ-সুবিধা ও ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর সংশ্লিষ্ট ধারা মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে।

১২। এই প্রজ্ঞাপনে ঘোষিত নিম্নতম মজুরি সমন্বয় করিয়া ০১(এক) বৎসর কর্মরত থাকার পর শ্রমিকগণের মূল মজুরির অন্যূন ৫% হারে বাৎসরিক ভিত্তিতে মজুরি বৃদ্ধি পাইবে এবং পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরির অন্যূন ৫% হারে বর্ধিত মজুরি পাইবে।

**ব্যাখ্যা:** যদি একজন শ্রমিকের মূল মজুরি ৬০০০/- (ছয় হাজার) টাকা হয়; তবে এক বৎসর কর্মরত থাকার পর তাহার বাৎসরিক মূল মজুরি ৫% বৃদ্ধি পাইয়া মূল মজুরি ৬৩০০/- (ছয় হাজার তিনশত) টাকা নির্ধারিত হইবে। পরবর্তী বৎসরে ক্রমবর্ধমান হারে পুনরায় মূল মজুরি ৫% হারে বৃদ্ধি পাইবে। অর্থাৎ মূল মজুরি ৬৩০০/- (ছয় হাজার তিনশত) টাকার ৫% বৃদ্ধি পাইয়া ৬৬১৫/- (ছয় হাজার ছয়শত পনেরো) টাকা নির্ধারিত হইবে।

১৩। উক্ত শিল্প সেক্টরে নিযুক্ত শ্রমিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধান অনুযায়ী ভাতাদি এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

১৪। এই প্রজ্ঞাপনের উল্লিখিত কোনো বিষয়ে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর সহিত সাংঘর্ষিক হইলে উহা বাতিল বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd